গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
**বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-৩**
www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১০৩.১৮.০০১.১৫(অংশ)-০২

তারিখঃ ১৯ পৌষ ১৪২৪ / ০২ জানুয়ারি ২০১৮

# পরিপত্র

বিষয়ঃ **iBAS++-এর নিরাপত্তা নিশ্চিতকরণ প্রসঙ্গে।**

সরকারি আর্থিক ব্যবস্থাপনার স্বচ্ছতা ও গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে ইতোমধ্যে সকল মন্ত্রণালয়/বিভাগ এবং অধীনস্থ অধিদপ্তর/সংস্থাসমূহে সমন্বিত বাজেট ও হিসাবরক্ষণ পদ্ধতি (Integrated Budget and Accounting System, iBAS++) চালু করা হয়েছে। এটি ইন্টারনেট ভিত্তিক হওয়ায় এর ব্যবহারকারীগণ ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে যে কোন স্থান থেকে এ সিস্টেমে প্রবেশ এবং ব্যবহারকারীর জন্য নির্ধারিত সকল কার্যক্রম সম্পন্ন করতে পারবেন। iBAS++-এর মাধ্যমে বরাদ্দ প্রদান, বরাদ্দ পুনঃউপযোজন, ইএফটি প্রেরণ ইত্যাদি নানা আর্থিক কর্মকান্ড সম্পন্ন করা যায়, যা অত্যন্ত স্পর্শকাতর। এ কারণে প্রকৃত ব্যবহারকারী ব্যতীত অন্য কেউ iBAS++-এ প্রবেশ করতে সক্ষম হলে তা ব্যাপক আর্থিক ক্ষতিকর পরিস্থিতি সৃষ্টির সম্ভাবনা তৈরি করবে এবং যার আইডি ব্যবহার করে এ সকল কর্মকান্ড করা হবে, তিনিও বিপদে পড়বেন।

০২। বর্ণিত প্রেক্ষাপটে, iBAS++-এর নিরাপত্তা নিশ্চিতকরণের নিমিত্তে এর ব্যবহারকারীদেরকে নিম্নেবর্ণিত নির্দেশনা অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

১. পাসওয়ার্ড সর্বদা গোপন রাখতে হবে। কোনভাবেই সহকর্মী বা অন্য কোন ব্যক্তিকে পাসওয়ার্ড জানানো যাবে না। ছুটিজনিত বা অন্য কোন বিশেষ কারণে একজনের কাজ অপরজনকে করতে হলে সিজিএ কার্যালয়ের আইটি শাখার মাধ্যমে সংশ্লিষ্ট ব্যবহারকারীর permission পরিবর্তন করতে হবে;

২. কর্মস্থলে যে সব কম্পিউটারে iBAS++ ব্যবহার হয়, সে সব কম্পিউটারে যেন ভাইরাস বা বিভিন্ন ধরনের ম্যালওয়ার না থাকে সে জন্য এন্টিভাইরাস সফটওয়্যার নিয়মিত আপডেট করতে হবে;

৩. অনেক ক্ষেত্রে ওয়েব ব্রাউজার পাসওয়ার্ড সংরক্ষণ করে রাখতে চায়। এই ধরনের কোন বার্তা আসলে পাসওয়ার্ড সেভ করা থেকে বিরত থাকতে হবে;

৪. কর্মস্থলের বাইরে (যেমন বাজারে, কম্পিউটার দোকানে, সাইবার ক্যাফেতে) যে সকল কম্পিউটার সাধারণ জনগণের জন্য উন্মুক্ত, সেগুলোতে iBAS++ ব্যবহার করা যাবে না। এ সকল কম্পিউটারে বিভিন্ন ধরনের ম্যালওয়ার থাকতে পারে, যা ব্যবহারকারীর অজান্তে বা অসাবধানতায় ইউজার আইডি ও পাসওয়ার্ড সংরক্ষণ করতে পারে যার ফলে পরবর্তীতে বিভিন্ন সফটওয়্যার ব্যবহারের মাধ্যমে হ্যাকিং করা হতে পারে;

৫. ব্যবহারকারীর পাওয়ার বা দেখার কথা নয় লগ ইন করার পর এমন কোন মেনু দেখলে সাথে সাথে তা হেল্প ডেস্ককে অবহিত করতে হবে;

৬. নিরাপত্তার স্বার্থে গোপনীয়তা রক্ষা করে অন্তত প্রতি তিনমাস পর পর পাসওয়ার্ড পরিবর্তন করতে হবে;

৭. পাসওয়ার্ড এমন কোন স্থানে লিখে রাখা যাবে না, যেখান থেকে অন্য কেউ জেনে যেতে পারে।

৮. পাসওয়ার্ড নির্ধারণ করার সময় নিচের বিষয়গুলি বিবেচনা করতে হবেঃ

ক) পাসওয়ার্ডটি খুব সংক্ষিপ্ত বা খুব দীর্ঘ না হওয়া ভাল। সিস্টেম ৬ অক্ষরের কম দৈর্ঘ্যের পাসওয়ার্ড গ্রহণ করে না। অপরদিকে পাসওয়ার্ড খুব দীর্ঘ হলে মনে রাখার অসুবিধার কারণে লিখে রাখার প্রবণতা দেখা দেয়, যার ফলে পাসওয়ার্ডের গোপনীয়তা নষ্ট হতে পারে;

খ) সহজে অনুমান করা যায় এমন শব্দ পাসওয়ার্ডে ব্যবহার না করাই শ্রেয়। যেমন, নিজের অথবা পরিচিত কারো নাম, আশেপাশের স্থানের নাম, দপ্তরের নাম, জন্ম তারিখ, সাল, ইত্যাদি;

গ) সচরাচর ব্যবহৃত শব্দ, যেমন Bangladesh, abcd, 1234, ইত্যাদি পাসওয়ার্ড ব্যবহার না করাই উত্তম; এবং

ঘ) বড় হাতের ও ছোট হাতের অক্ষর, নম্বর এবং বিভিন্ন চিহ্ন (! @ # $ % & *) মিলিয়ে পাসওয়ার্ড তৈরি করা উত্তম।

(মোহাম্মদ সাইদুল ইসলাম)
উপসচিব
☎ ৯৫৬৩১৮৬
ইমেইল: saiduli1@finance.gov.bd

<u>বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)(অধীনস্ত অধিদপ্তর/পরিদপ্তর/অফিসসমূহকে অবহিতকরণের অনুরোধসহ):</u>

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও ঢাকা
৩. বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, কাকরাইল, ঢাকা
৪. সিনিয়র সচিব/ সচিব/ ভারপ্রাপ্ত সচিব, ..............................................................................মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৫. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা
৬. সচিব, সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা
৭. সচিব, দূর্নীতি দমন কমিশন, সেগুনবাগিচা, ঢাকা
৮. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৯. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা
১০. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা
১১. কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, সিজিডিএফ কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা
১২. অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেল ভবন, আব্দুল গনি রোড, ঢাকা
১৩. বিভাগীয় কমিশনার.........................................(সকল)
১৪. উপমহাপুলিশ পরিদর্শক ................................ (সকল)
১৫. জেলা প্রশাসক ....................................... (সকল)
১৬. জেলা পুলিশ সুপার .................................... (সকল)
১৭. উপজেলা নির্বাহী অফিসার....................................(সকল)
১৮. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা ........................................................মন্ত্রণালয়/বিভাগ (সকল)
১৯. হিসাবরক্ষণ কর্মকর্তা ........................................................জেলা/উপজেলা (সকল)

নং-০৭.০০.০০০০.১০৩.১৮.০০১.১৫(অংশ)-০২

তারিখঃ ১৯ পৌষ ১৪২৪ / ০২ জানুয়ারি ২০১৮

<u>অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):</u>

১. অতিরিক্ত সচিব (প্রশাসন ও ব্যয় নিয়ন্ত্রণ), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. কর্মসূচি পরিচালক, সরকারি ব্যয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণঃ অগ্রাধিকার কার্যাক্রমসমূহের ধারাবাহিকতা রক্ষা কর্মসূচি, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সিনিয়র তথ্য কর্মকর্তা, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পরিপত্রটি সংবাদ মাধ্যমকে অবহিত করার অনুরোধ করা হলো)
৪. সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পরিপত্রটি অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য)

(মোহাম্মদ সাইদুল ইসলাম)
উপসচিব